

SRD/L

তারিখ ... 23/2/85
পৃষ্ঠা ... 6 ... কলাম ... ১ ...

০০৫

কিওয়ারগার্টেন শিক্ষা পদ্ধতিঃ এবার ভেবে দেখার পালা

এ, এম হাশেম

'বাঙ্গালী বলিয়া লজ্জা নাই'—হাটাত্ত মানুদের সমপ্রতি প্রকাশিত বই। বইটি হাতে নিয়ে কেন যেন 'আমার' মনে হল, হঠাত্ত লেখকের মনে এ প্রশ্ন জাগল কেন? কই, কোনদিন তো বুকের পৃষ্ঠায় পাসিয়ে 'আনি বাঙ্গালী' উচ্চারণ করিনি। কিন্তু পরক্ষণেই মনে পড়ল একে একে সব কথা 'পাকিস্তানী', 'বাঙ্গালী' থেকে 'বাংলাদেশী' সে কত ইতিহাস। সত্যি যে দেশ জাতীয় সন্তার দাবীতে তৈরী করেছিল দ্বুজ্জয়ী ইতিহাস সে দেশে জাতীয়সত্তা রক্ষার প্রতিজ্ঞা ৩৫ বছর পর আজও করতে হয় বারবার।

একশ এনে একদিকে বারে-বারে উচ্চারিত হয় জাতীয় ভাব-ধারা রক্ষার দৃঢ় শপথের কথা, অন্যদিকে আর এক শ্রেণীর মহড়া চলে ঔপনিবেশিক আয়-নের মন-মানসিকতার এ যুগের শিশুকে গড়ে তোলার আশ্রয় প্রচেষ্টা। তাই তৈরী হয়েছে সেই সব প্রতিষ্ঠান—কিওয়ারগার্টেন। যারা অরলীলাক্রমে আজও গড়ে তুলছে সেই ভাবধারা, সেই কামদা, 'বাঙ্গালী বলিতে লজ্জা

নাগে'—সেই মানসিকতা। এ প্রসঙ্গে একটি ঘটনা মনে পড়ে গেল। হঠাত্ত করে অনিদিষ্ট-কালের জন্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়ার জটিল অভিভাবক কোডের সাথে বলেছিলেন 'হীরক বাজার' সেই সংলাপটি—'আজ থেকে পাঠশালা বন্ধ, আর পাঠ-শালা নেই, ছুটি।' কিন্তু ফিষ্ট হয়ে উঠলেন কোন এক টিউ-টরিয়ালের জটিল শিক্ষয়িত্রী। ওনার ফিষ্ট হওয়ার কারণ বোধ হয়, যারা পাঠশালায় পড়ে তাদের পরনে এমন সুসজ্জিত পোশাক থাকে না, যারা পড়ান তারাও এমন সুসজ্জিতা নন। কাজেই 'পাঠশালা' উচ্চারণে তিনি আহত হয়েছিলেন। পাঠশালায় আভিধানিক অর্থ বুঝতে তিনি নারাজ। তাই বাংলা শব্দে তিনি অমন জুজু হলেন। এক বিচিত্র মানসিকতার কারণে এ জাতীয় বেশীর ভাগ স্কুলেই কোন বাঙ্গালী আদব-কায়দা শেখানো হয় না। শিশুরা 'সুপ্র-ভাত' শব্দটির সাথে পরিচিত হওয়ার সুযোগ পায় না, 'মনা-বাদের' অর্থ তারা বোঝে না।

জাতীয় ভাবধারার এসব সমস্যা-দের শিক্ষিত করে গড়ে তোলার কোন পরিকল্পনা এসব বেশীর ভাগ স্কুলেরই নেই।

ব্যক্তি মালিকানায প্রতিষ্ঠিত এসব স্কুল, মেহায়েত আর্থিক লাভ, বিলাসিতা এবং সখে গড়ে উঠেছে। এধনের মনোভাবই একদিন প্রকাশ করে ফেললেন এক স্কুলের জটিল প্রধান শিক্ষয়িত্রী। "দেশে ক্রম-বর্ধমান উভিসঙ্গস্য লাঘবের জন্য স্কুল দিতে মাব কোন দুঃখে? দেশের কথা ভারতে যাব কেন? দীর্ঘদিন বিদেশে, ছিলাম 'আমার মথ হয়েছে তাই দিয়েছি।' সত্যিই তো যে দেশের সরকার জনগণের নয় এবং জনগণের ভাবনা ভাবে না সে দেশে কে কার কথা ভাববে কোন সখে? তিনি আরও জানালেন "একবার অস্থ হ হয়ে পড়েছিলাম তাই স্কুল বন্ধ করে দিয়েছিলাম স্থ হ হয়েছি তাই চালু করেছি"। তিনি যে গতি সত্যি ছাত্র এবং শিক্ষকের কথা ভাবেন না এ বক্তব্য তার আরও স্কলস্ত প্রমাণ। (আগামী-বারে সমাপ্য)